# ধর্মকে ব্যবহার করে বিভাজন তৈরি করছে একটি চক্র: মির্জা ফখরুল




সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ধর্মকে ব্যবহার করে দেশকে বিভক্ত করার একটি সুপরিকল্পিত চক্র সক্রিয়। তিনি আরও অভিযোগ করেন, কিছু মানুষ নির্বাচন বানচালের চেষ্টা করছে।

সোমবার (১০ নভেম্বর) সকালে ঠাকুরগাঁওয়ে মুক্তিযোদ্ধা ও তাদের সন্তানদের সঙ্গে মতবিনিময় সভায় যোগ দিয়ে মির্জা ফখরুল বলেন, "একটি পক্ষ মুক্তিযুদ্ধের চেতনা লোপ করার চেষ্টা করছে। তারা একাত্তরের ত্যাগ ও ইতিহাসকে ভুলিয়ে দিতে চাইছে।"

তিনি জানান, একাত্তরে লাখ লাখ মানুষের ত্যাগের মাধ্যমে দেশ স্বাধীন হয়েছে। দেশবাসী যেমন ১৯৭৫-এর ঐতিহাসিক ঘটনা ভুলতে পারবে না, ঠিক তেমনি ১৯৭১-এর মুক্তিযুদ্ধের স্মৃতিও কেবল মুছে ফেলা সম্ভব নয়।

মির্জা ফখরুল আরও বলেন, "একটি সুপরিকল্পিত চক্র পাকিস্তানি হানাদার বাহিনীর সঙ্গে একাত্ম হয়ে মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের হত্যাকারীদের সঙ্গে আপস করার চেষ্টা করছে। এদেশের মানুষ তা কখনো মেনে নিতে পারবে না।"

LENS ASIA